ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৮৩

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'সক্রিয় মানব পাচারকারীরা কৈলাসহর দিয়ে রোহিঙ্গা এনে সারা দেশে পাচার চালাচ্ছে' শিরোনামে ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে 'আজকের ফরিয়াদ' পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টিকরণ দিয়ে ত্রিপুরা পুলিশের পক্ষ জানানো হয়েছে যে, গোপন সংবাদের ভিত্তিতে ঊনকোটি জেলার অন্তর্গত থানার পুলিশ একাধিকবার বেআইনী অনুপ্রবেশকারী রোহিঙ্গা ও বাংলাদেশী নাগরিকদের গ্রেপ্তার করেছে এবং তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। কৈলাসহর মহকুমার অন্তর্গত সীমান্ত এলাকায় বিএসএফ ও বহু রোহিঙ্গা ও বাংলাদেশী নাগরিকদের আটক করেছে বেআইনীভাবে ভারতে প্রবেশ করার জন্য। কৈলাসহর মহকুমায় গোপন তথ্য সরবরাহকারীদেরও সতর্ক থাকতে বলা হয়েছে। গ্রামবাসীদেরও যেকোন বেআইনী কার্যকলাপ নজরে পড়লে তৎক্ষনাৎ জানাতে বলা হয়েছে। বর্তমানে কৈলাসহর মহকুমায় কোন বেআইনী অনুপ্রবেশের ঘটনার তথ্য নেই।

*******